তারিখ ... 31 OCT 2016
পৃষ্ঠা ২ কলাম ২

যুগান্তর

রাবির দশম সমাবর্তন

# অনলাইনে নিবন্ধন শুরু ৩ নভেম্বর

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) দশম সমাবর্তনের নিবন্ধন প্রক্রিয়া অনলাইনে ৩ নভেম্বর শুরু হবে। চলবে ৩০ নভেম্বর পর্যন্ত। রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২০১১ থেকে ২০১৪ সাল পর্যন্ত পিএইচডি, এমফিল, স্নাতকোত্তর এবং এমবিবিএস, বিডিএস ও ডিভিএম ডিগ্রি অর্জনকারীরা দশম সমাবর্তনে অংশ নিতে পারবেন। সমাবর্তন অনুষ্ঠানের সম্ভাব্য তারিখ ২৪ ডিসেম্বর। বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.ru.ac.bd) থেকে জানা যাবে।